



## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রক বিভাগ  
(কৃষি/ টেক্সটাইল শাখা)

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।

ওয়েব সাইট : [www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)



স্মারক নং ৫৭.১৭.০০০০.৩১৩.২৩.০০২.২২-১০৯

তারিখ: ২৬-০৫-২০২২খ্রিঃ

অধ্যক্ষ/কেন্দ্র সচিব

ডঃ জেড, আই, চৌধুরী এগ্রিকালচারাল ট্রেনিং এন্ড রিসার্চ ইন্সটিটিউট

মনিরাম, ফলগাছা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

কেন্দ্র কোড : ১৮০৬১।

**বিষয় : ডিপ্লোমা ইন এগ্রিকালচার শিক্ষাক্রমের পরীক্ষার কেন্দ্র বাতিল করা প্রসংগে।**

সূত্র : স্মারক নং ৫৭.১৭.০০০০.৩১৩.২৩.০০২.২২.৯৯ তারিখ : ১২-০৪-২০২২ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ৪ বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন-এগ্রিকালচার/ফিসারিজ, লাইভস্টক ও ফরেস্ট্রি শিক্ষাক্রমের ২০২২ সনের মার্চ-এপ্রিল মাসে অনুষ্ঠিত ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্ব নিয়মিত/অনিয়মিত বোর্ড সমাপনী পরীক্ষায় “ডিপ্লোমা ও সমপর্যায়ের পাঠ্যক্রমের পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা-২০১৭” অনুযায়ী পরীক্ষা গ্রহণের শর্ত স্বাপেক্ষে কেন্দ্র নির্বাচন করা হয়েছিল। কিন্তু আপনার প্রতিষ্ঠান গত ২৪ মার্চ, ২০২২খ্রিঃ তারিখের পরীক্ষা ২৭ মার্চ, ২০২২খ্রিঃ তারিখে গ্রহণ করায় কেন্দ্র নির্বাচনের কেন্দ্র বাতিল করা হবেনা তার জবাব প্রদানের জন্য পত্র প্রেরণ করা হয়েছিল। আপনি ২৭-০৩-২০২২খ্রিঃ তারিখে পরীক্ষা গ্রহণ ও উত্তরপত্র প্রেরণ করা সত্ত্বেও মিথ্যার আশ্রয় নিয়ে নির্ধারিত তারিখে পরীক্ষা গ্রহণের দাবী করেছেন, যা কোন ভাবেই গ্রহণযোগ্য নয়। পরীক্ষা নীতিমালা লঙ্ঘন করায় “কেন্দ্র/ভেন্যু নির্বাচন সংক্রান্ত নীতিমালা-২০১৭” এর ২৭ অনুচ্ছেদ (ঘ)-এর (১), (২) ও (৯) অনুযায়ী কেন্দ্র সচিব/ ভারপ্রাপ্ত কেন্দ্র কর্মকর্তার দায়িত্ব পালনে ব্যর্থ হয়েছেন।

এমতাবস্থায়, পরীক্ষার কেন্দ্র হিসেবে ডঃ জেড, আই, চৌধুরী এগ্রিকালচারাল ট্রেনিং এন্ড রিসার্চ ইন্সটিটিউট, মনিরাম, ফলগাছা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা (কেন্দ্র কোড: ১৮০৬১)কে কেন্দ্র বাতিল ঘোষণা করা হলো।

স্বাঃ/-

(প্রকৌ. মো. আবদুর রহমান)

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

ফোন: ০২ ৫৫০০৬৫২৫

তারিখ: ২৬-০৫-২০২২খ্রিঃ

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩১৩.২৩.০০২.২২-১০৯(১০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হইলঃ

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়)
২. সচিব, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৪. মহা পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
৫. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. পরিচালক(কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক(আইসিটি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. জেলা প্রশাসক, গাইবান্ধা।
৮. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
৯. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. নথি।

(প্রকৌ. মোসাঃ ছালমা আক্তার)

সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক(কৃষি ও টেক্সটাইল)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

ফোন: ০২ ৫৫০০৬৫৪৪